



# ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগ

কেন্দ্রীয় কার্যালয় : ২৩ বঙ্গবন্ধু অ্যাভিনিউ, ঢাকা-১০০০। ফোন / ফ্যাক্স : ৯৫৮৫৭৮৮  
E-mail: dhakacitysouthawamileague@gmail.com



২৮/০২/২০২১ ইং

## স্বল্পোন্নত থেকে উন্নয়নশীল বাংলাদেশ অভিনন্দন মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনা

মুজিব শতবর্ষ আর স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর দ্বারপ্রান্তে এমন এক মাহেন্দ্রক্ষণের অপেক্ষায় ছিলো কোটি বাঙ্গালি, যে অর্জন আবেগ, ভালোবাসা আর হাজারো প্রত্যাশার। সব ক্ষেত্রে পিছিয়ে থাকা এক দেশকে নিয়ে স্বপ্ন জয়ের গুরুটা বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনার নেতৃত্বে বারো বছর আগে। এরপর শুধুই এগিয়ে যাওয়ার গল্প। নিরঙ্কুশ বিজয় নিয়ে ২০০৮ সালে দ্বিতীয় বারের মতো সরকার গঠন করে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার সরকার অর্থনীতি, অবকাঠামো, নারী শিক্ষা ও ক্ষমতায়ন, সুশাসন, স্বাস্থ্য সব ক্ষেত্রেই উন্নয়ন করেছেন, হয়ে উঠেছেন জনগণের আস্থা আর ভরসার একমাত্র আশ্রয়স্থল। তারই ফলশ্রুতিতে জাতিসংঘের কমিটি ফর ডেভেলপমেন্ট পলিসির (ইউএন-সিডিপি) তিন শর্ত পূরণ করে উন্নয়নশীল দেশ হিসেবে উত্তরণে জাতিসংঘের চূড়ান্ত সুপারিশ পেল বাংলাদেশ। অবিশ্বাস্য দ্রুততায় বাংলাদেশের অর্থনৈতিক অবস্থার উত্তরণের দাপ্তরিক স্বীকৃতি লাভে নেতৃত্বদানকারী মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে প্রাণঢালা অভিনন্দন!

শেখ হাসিনার নেতৃত্বেই হাজার বছরের শ্রেষ্ঠ বাঙ্গালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা বিনির্মাণ দৃষ্ট পদচারণায় এগিয়ে যাবে।

জাতির পিতার জন্মশতবার্ষিকী এবং স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর এ মাহেন্দ্রক্ষণে আমরা সকলে ঐক্যবদ্ধভাবে বাংলাদেশকে জাতির পিতা 'বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের' স্বপ্নের সোনার বাংলাদেশ বিনির্মাণে অঙ্গীকারাবদ্ধ এবং এই অসামান্য অবদান সহ সকল অর্জনের জন্য বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী দেশরত্ন শেখ হাসিনাকে ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগের সংগ্রামী সভাপতি বীর মুক্তিযোদ্ধা আলহাজ্ব আবু আহমেদ মন্নাফী ও বিপ্লবী সাধারণ সম্পাদক আলহাজ্ব মোঃ হুমায়ুন কবিরের পক্ষে অভিনন্দন ও ধন্যবাদ জানিয়েছেন।

বার্তা প্রেরক

(মোঃ রিয়াজ উদ্দিন রিয়াজ)

দপ্তর সম্পাদক

ঢাকা মহানগর দক্ষিণ আওয়ামী লীগ।

মোবাইল : ০১৭১২৬৭৯৯৬৩